গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে এপ্রিল, ২০২৩-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৬ এপ্রিল ২০২৩ |
| সভার সময় | বেলা ১১.৩০টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

**সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ বিভাগের কর্মকাণ্ডকে নতুন নতুন উদ্ভাবন প্রক্রিয়ার মাধ্যমে আরো বেগবান করে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এরপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য যুগ্মসচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান।** অতঃপর যুগ্মসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন :

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।** | ২০ মার্চ, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী নেই। | ২০ মার্চ, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। |

| | | | |
|---|---|---|---|
| ২ | **কোভিড-১৯ পরিস্থিতি** | **সভাকে জানানো হয়,** এ বিভাগ ও অধীন দপ্তরসমূহে করোনাভাইরাসে ১৬৯১ (তারিখ-১৬.০৪.২০২৩) (এসএসডি-৪২+এফএসসিডি-৫০০+প্রিজন-৭৬২+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৬) জন আক্রান্ত হয়েছেন। এ পর্যন্ত ১৬৮৩ (এসএসডি-৪২+এফএসসিডি-৪৯৭+প্রিজন-৭৫৯+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৪) জন সুস্থ হয়েছেন। সুস্থতার হার ৯৯.৫২%। ৮ (এফএসসিডি-৩+প্রিজন-৩+ডিএনসি-২) জন মৃত্যুবরণ করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সকল কর্মচারীকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করে দৈনন্দিন কার্য সম্পাদনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। | ১) সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলে তা নিশ্চিত করতে হবে এবং সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর প্রধানগণ।** |

| | | | |
|---|---|---|---|
| ৩ | **মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা** | **১) কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষর :** অতিরিক্ত সচিব (বহিরাগমন) সভাকে জানান যে , বর্তমানে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি বিষয়ে ৭টি দেশের মধ্যে ব্রাজিল, সার্বিয়া, ওমান, কসোভো, বতসোয়ানা, এবং কাতারে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। তবে বাংলাদেশের ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি ২৮ অক্টোবর ২০১৯ তারিখে অনুমোদন লাভ করে। চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে সাউথ আফ্রিকার বর্তমান অবস্থান এবং হালনাগাদ সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে এ বিভাগকে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে ২৪ মার্চ ২০২১ এবং ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পত্র প্রদান করা হয়। সাউথ আফ্রিকা সরকার চুক্তিটি স্বাক্ষরের ব্যাপারে আগ্রহ দেখিয়েছে। অদূর ভবিষ্যতে চুক্তিটি স্বাক্ষরিত হতে পারে বলে আশা করা যায় মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পত্র মারফত এ বিভাগকে জানানো হয়েছে। বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে অনুমোদিত খসড়া চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মালদ্বীপ সরকারের নিকট প্রেরণ করা হয়। পরবর্তীতে মালদ্বীপ সরকার উক্ত অনুমোদিত খসড়া চুক্তিতে আরো কিছু সংশোধনী প্রস্তাব নোট ভারবালের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করেন। পররাষ্ট্র মন্ত্রণালয় ০৪.০১.২০২২ তারিখে পরীক্ষার জন্য এ বিভাগে প্রেরণ করে। উক্ত সংশোধনীর উপর এ বিভাগ ২৯.০৯.২০২২ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজন করে। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে সংশোধনী চুক্তিসহ কার্যবিবরণী ১১.১০.২০২২ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে। পররাষ্ট্র মন্ত্রণালয় অদ্যাবধি চুক্তি চূড়ান্তকরণের বিষয়ে কোন মতামত প্রদান করেনি। তাছাড়া ১১.১২.২০২২ তারিখে চুক্তিটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়াসহ অগ্রগতি সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় ১৮.১২.২০২২ তারিখে জানিয়েছে যে, সংশোধনী প্রস্তাবটি মালদ্বীপ কর্তৃপক্ষকে যথাযথভাবে প্রেরণ করা হলেও মালদ্বীপ কর্তৃপক্ষের কোনো মতামত/মন্তব্য অদ্যাবধি পাওয়া যায়নি। পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সংশোধনী প্রস্তাবটির উপর সংশ্লিষ্ট মালদ্বীপ কর্তৃপক্ষের মতামত প্রেরণের জন্য অনুরোধ জানিয়েছে এবং নিয়মিত যোগাযোগ অব্যাহত আছে। | ১) বাংলাদেশ ও কাতারের মধ্যে সম্পাদিত চুক্তি দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২) যেসকল দেশের সাথে ইতোমধ্যে চুক্তি স্বাক্ষরসহ সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে তা মন্ত্রিপরিষদ বিভাগকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।<br><br>৩) যেসকল দেশের সাথে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি সংক্রান্ত কার্যক্রম এখনো সম্পন্ন হয়নি সেসকল দেশের সাথে চুক্তি স্বাক্ষরের বিষয়ে করণীয় সম্পর্কে পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।** |

| | | | |
|---|---|---|---|
| | | **২) 'জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২২'-এর খসড়া চূড়ান্তকরণ** : অতিরিক্ত সচিব (বহিরাগমন) সভাকে জানান যে জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২২ এর খসড়া ভেটিং এর জন্য ২২ নভেম্বর ২০২২ তারিখে আইন মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। আইন মন্ত্রণালয়ের ভেটিং সম্পন্ন হলে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** |
| | | **৩) বিভিন্ন দেশের নাগরিকত্বপ্রাপ্ত বাংলাদেশিদের দ্বৈত নাগরিকত্ব সুবিধা প্রদান বিষয়ে এস.আর.ও জারির প্রস্তাব অনুমোদন।** অতিরিক্ত সচিব (বহিরাগমন) সভাকে জানান যে, এস.আর.ও নম্বরেরর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ০৯ মার্চ ২০২৩ তারিখে প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে এস.আর. ও নম্বর-৬৮ প্রদান করে ১২ মার্চ ২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগের চাহিদা মোতাবেক ২০০ কপি এস.আর.ও মুদ্রণের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বি.জি.প্রেস)-এর প্রেরণ করা হয়েছে। | বিজি প্রেসের সাথে যোগাযোগ করে দ্রুত গেজেট মুদ্রণ নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।** |
| | | **৪) মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬' চূড়ান্তকরণ :** অতিরক্ত সচিব ( নিরাপত্তা ও বহিরাগমন) সভাকে জানান যে ১ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া আলোচনা অনুযায়ী সংশোধন সাপেক্ষে চূড়ান্তভাবে অনুমোদন করা হয়। খসড়া আইনটি ভেটিংয়ের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও ড্রাফটিং বিভাগে প্রেরণ করা হয়েছে। | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | | **৫। (ক) জেল কোড সংশোধন :** ০৯.১০.২০০৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে জেল কোডের যে সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সাথে সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে সংশোধন করার উদ্যোগ গ্রহণ করে পর্যায়ক্রমে জেল কোডে সংশোধিত বিধানসমূহ কার্যকর করতে হবে। উক্ত সিদ্ধান্তের আলোকে The Prison's Act, 1894 এবং The Prisoners Act, 1900 এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। | ১)The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর ভাষায় 'কারা ও সংশোধন পরিষেবা |

| | | | |
|---|---|---|---|
| | | উক্ত খসড়া আইন শীঘ্রই অনুমোদনের জন্য আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপন করা হবে।<br><br>**(খ) Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ** : The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইন প্রমিতীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগে ০৭ ডিসেম্বর ২০২২ তারিখে প্রেরণ করা হয়েছিল। ০৫ জানুয়ারি ২০২৩ তারিখে উক্ত খসড়াটি প্রমিতীকরণ অন্তে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ খসড়ার বিষয়ে আলোচনার জন্য ১২ মার্চ ২০২৩ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। | আইন ২০২২' এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইনের প্রমিতীকরণ কার্যক্রম দুত সম্পন্নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২)যেহেতু বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া প্রণয়ন কার্যক্রম সম্পাদন করা হয়েছে, তাই উক্ত এ্যাক্ট এর আলাকে Jail Code-এর খসড়া প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩) বর্তমানে 'বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২ এর খসড়া-এর ভেটিং কার্যক্রম লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে চলমান। এটি সম্পন্ন হতে আরো কিছু সময় লাগতে পারে। এদিকে বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর আলোকে Jail Code সংশোধনপূর্বক খসড়া প্রণয়ন করতেও দীর্ঘ সময়ের প্রয়োজন |

| | | | |
|---|---|---|---|
| | | | হতে পারে। তাই Jail Code এর খসড়া প্রণয়ন কার্যক্রম এখনই শুরু করার জন্য অনুরোধ করা হলো এবং বাস্তবায়ন অগ্রগতি যথারীতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন অব্যাহত রাখতেও বলা হলো।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (কারা)/ আইজি (প্রিজন)/সংশ্লিষ্ট উপকমিটি।** |
| | | **৬) ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন :** সভায় জানানো হয় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যথা : ১। The Prisons Act, 1894; ২। The Bengal Jail Code, 1894; ৩) The Prisoners Act, 1900 এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সম্পর্কিত ৮টি আইন, যথাঃ ১) The Bangladesh Passport Order, 1973 ২) The Passport Act, 1920 ৩) The Registration of Foreigners Act, 1939 ৪) The Foreigners Act, 1946 ৫) The Citizenship Act, 1951 ৬) The Passport (Offences) Act, 1952 ৭) The Control of Entry Act, 1952 ৮) The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972<br><br>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর The Registration of Foreigners Act, 1939; The Foreigners Act, 1946 & The Control of Entry Act, 1952 আইন ৩টি বাংলায় অনুবাদ করে সুরক্ষা সেবা বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অনুবাদের সঠিকতার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগের মতামত গ্রহণ করা হয়েছে। অনুদিত আইনটি গেজেট প্রকাশের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণের লক্ষ্যে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে নথি প্রেরণ করা হয়েছে।<br><br>The Citizenship Act, 1951 এবং The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972 আইন ২টি সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাংলায় অনুবাদ করার জন্য নির্ধারিত ছিল। বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়া ভেটিং এর জন্য ২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে আইন, বিচার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। যা বর্তমানে প্রক্রিয়াধীন।<br><br>The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973) এর আলোকে বাংলাদেশ পাসপোর্ট আইন ২০২০ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ পাসপোর্ট আইন, ২০২২ প্রণয়ন করা হলে The Bangladesh Passport Order, 1973; The Passport Act, 1920 & The Passport (Offences) Act, 1952 রহিত হতে পারে। এ বিষয়ে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে কার্যক্রম চলমান আছে। | ১) মন্ত্রিসভার বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আইনসমূহ দ্রুত বাংলায় অনুবাদ/প্রণয়ন নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়নে : সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর প্রধানগণ।** |
| ৪ | **শূন্যপদ পূরণ** | **যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান যে এ প্রাপ্ত তথ্য অনুযায়ী এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা নিম্নরূপ :** | ১)অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের |

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|
| এসএসডি | ২৭৭ | ২০৫ | ৭২ |
| ডিএনসি | ৩০৫৯ | ১৮৯৩ | ১,১৬৬ |
| এফএসসিডি | ১৪,৪৬৮ | ১২,৬৮৩ | ১,৭৮৫ |
| প্রিজন | ১২,১৭৮ | ১০,৩৬৬ | ১,৮১২ |
| ডিআইপি | ১,৫৩০ | ১,১১৮ | ৩৮৫ |
| **মোট =** | **৩১,৫১২** | **২৬,২৬৫** | **৫,২২০** |

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | ১ম-৯ম গ্রেড | ১০ম গ্রেড | ১১-১৬ গ্রেড | ১৭-২০ গ্রেড | মোট |
|---|---|---|---|---|---|
| এসএসডি | ২৫ | ৫ | ২৪ | ১৮ | ৭২ |
| ডিআইপি | ৭০ | ১৩৯ | ১৫৭ | ১৯ | ৩৮৫ |
| ডিএনসি | ১৯৭ | ১৪২ | ৭২১ | ১০৬ | ১১৬৬ |
| এফএসসিডি | ৫ | ৪৯০ | ৩১৩ | ৯৭৭ | ১৭৮৫ |
| প্রিজন | ১৭৬ | ১১৭ | ১২৬৪ | ২৫৫ | ১৮১২ |
| **মোট** | **৪৭৩** | **৮৯৩** | **২৪৭৯** | **১৩৭৫** | **৫২২০** |

**যুগ্ম-সচিব (প্রশাসন অধিশাখা)** এ পর্যায়ে সভায় মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের ৪৯ নম্বর স্মারকের পত্র উপস্থাপন করেন। পত্রে মন্ত্রিপরিষদ বিভাগ গুরুত্বপূর্ণ শূন্যপদসমুহ দ্রুত পূরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুশাসন দিয়েছেন মর্মে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছে। সভাপতি এ পর্যায়ে অধিদপ্তর প্রধানদের তাঁদের দপ্তরের শূন্যপদ পূরণে গৃহীত ব্যবস্থা উপস্থাপনের আহ্বান জানান। তদপ্রেক্ষিতে বিভিন্ন অধিদপ্তর প্রধান/প্রতিনিধি তথ্যাদি উপস্থাপন করেন :

**(১) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক সভাকে জানান যে তাঁর অধিদপ্তরের ১১-১৬ গ্রেডের ১৫৭টি শূন্যপদের বিপরীতে ২৬.১২.২০২২ তারিখ সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর ৩টি, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ৪টি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২৩টি, এসিস্ট্যান্ট একাউন্ট্যান্ট ২৪টি, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ৪৫টি এবং রেকর্ড কীপার পদে ৪টি, মোট ১০৩ (একশত তিনটি) পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উল্লেখিত পদসমূহের লিখিত পরীক্ষা গ্রহণের নিমিত্ত কেন্দ্র নির্ধারণের কার্যক্রম চলমান আছে।

সিস্টেম এনালিস্ট ১টি, সহকারী পরিচালক ১টি মোট ২টি শূন্যপদে সরাসরি নিয়োগের প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগের প্রেরণ করা হয়েছে। অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৪টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-১টিসহ সর্বমোট ৫টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ হতে পিএসসিতে পত্র প্রেরণ করা হয়েছে।

**(২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জানান যে তাঁর অধিদপ্তরের ৯ম গ্রেডের ১০ ক্যাটাগরির ৭৪টি শূন্যপদে ৪০তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সরাসরি নিয়োগযোগ্য কোটায় নিয়োগের নিমিত্ত (সহকারী পরিচালক-১৮, মেডিকেল অফিসার-১৬, ১টি সহকারী রেজিষ্টার-১, ইমারজেন্সী মেডিকেল অফিসার-৩, ৯টি রিহেবিলিটেশন অফিসার-৯, সহকারী রাসায়নিক পরীক্ষক-৮, সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কার-৮, ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট-৮, হিসাবরক্ষক-২ এবং আইন কর্মকর্তা-১) সুরক্ষা সেবা বিভাগ হতে পিএসসি'তে গত ২১ সেপ্টেম্বর, ২০২২ অনুরোধপত্র প্রেরণ করা হয়েছে।

একইভাবে ১০ম গ্রেডের ৪ ক্যাটাগরির ৭৫টি শূন্যপদে ৪০তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে হতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সরাসরি নিয়োগযোগ্য কোটায় নিয়োগের নিমিত্ত [(১. প্রসিকিউটর ২. পরিদর্শক ৩.

বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;

২)অধিদপ্তরসমূহের যে সকল শূন্যপদ পিএসসি এর মাধ্যমে পূরণের জন্য নিয়োগ বিধিতে উল্লেখ রয়েছে সেসকল পদ দ্রুত পূরণের জন্য পিএসসি এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।

৩) বিপিএসসি এর মাধ্যমে পূরণযোগ্য পদসমূহের অধিযাচনের তালিকার ভিত্তিতে দ্রুত নিয়োগদানের বিষয়ে বিপিএসসি'র চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনার সুবিধার্থে অধীন দপ্তর হতে প্রেরিত পদের অধিযাচনের তালিকা সচিবের নিকট দাখিল করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধানগণ সভাকে বিস্তারিত অবহিত করতে পারেন।

৪)আগামী ৬ মাসের মধ্যে সকল প্রকার নিয়োগের কার্যক্রম দ্রুত

| | | | |
|---|---|---|---|
| | | কাউন্সেলর এবং ৪. মেট্রোন (জুনিয়র)] বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়ে অধিযাচন প্রেরণের জন্য ২৬ সেপ্টেম্বর, ২০২২ সুরক্ষা সেবা বিভাগে অনুরোধপত্র প্রেরণ করা হয়েছে।<br><br>১১-১৬ গ্রেডের ৭২১টি শূন্যপদের মধ্যে গ্রন্থাগার সহকারী এর ১টি এবং গাড়িচালক-১১টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে ৩০ মার্চ ২০২৩ তারিখে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে। অফিস সহায়ক এর ৬টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে ১০.০৪.২৩ তারিখে মৌখিক পরীক্ষা গ্রহণ হয়েছে।<br><br>**(৩) কারা অধিদপ্তর :** কারা মহাপরিদর্শক জানান যে ১১-১৬ গ্রেডের আউটসোর্সিংভুক্ত কার্পেন্টার (কাঠমিস্ত্রী) এর ১টি পদে নিয়োগাদেশ প্রদান করা হয়েছে। কারারক্ষী ৩৫৪টি এবং মহিলা কারারক্ষী ২৯টি পদের ১৭ ডিসেম্বর ২০২২ তারিখে বিজ্ঞপ্তি করা হয়েছে। কারারক্ষী ৩৫৫টি এবং মহিলা কারারক্ষী ১৪টি মোট ৩৬৯টি পদের ছাড়পত্র পাওয়া গেছে।<br><br>**২য়-৯ম গ্রেড :** ১৭.০১.২০২৩ তারিখে ৯০ জন সহকারী সার্জনকে পদায়নের মাধ্যমে বিভিন্ন কারা হাসপাতালে সংযুক্ত করা হয়েছে। তন্মধে ৭৬ জন সহকারী সার্জন ইতোমধ্যে যোগদান করেছেন। ৩১টি ডেপুটি জেলার এবং ১০টি মহিলা ডেপুটি জেলার পদ শূন্য রয়েছে। শূন্যপদের ১০%হিসাবে ৪টি পদ সংরক্ষিত রেখে ২৫টি ডেপুটি জেলার ও ৫টি মহিলা ডেপুটি জেলার মোট ৩০টি পদ ৪০তম বিসিএস থেকে পূরণের জন্য কারা অধিদপ্তর হতে ২৯.০৯.২০২২ মূলে সুরক্ষা সেবা বিভাগে পুনঃঅধিযাচন প্রেরণ করা হয়েছে। এবং এ বিভাগ হতে ০৩.১০.২০২২ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে আরো ৩টি ডেপুটি জেলার ও ৪টি মহিলা ডেপুটি জেলার পদ শূন্য হয়েছে। উক্ত শূন্যপদের ছাড়পত্রের প্রস্তাব শীঘ্রই প্রেরণ করা হবে।<br><br>৬৩টি ডিপ্লোমা নার্স পদ শূন্য রয়েছে। পিএসসি হতে ১৩.০৪.২০২২ তারিখে ২ জন ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য সুপারিশ করা হয়। শূন্যপদের ১০% হিসাবে ৬টি পদ সংরক্ষণ করে ৫৫টি ডিপ্লোমা নার্স পদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা অধিদপ্তর হতে ২৭.১০.২০২২ তারিখ প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। শূন্যপদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ হতে ২১.১১.২০২২ তারিখে পিএসসি বরাবরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**(৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-এর প্রতিনিধি সভায় বলেন যে তাঁর অধিদপ্তরের ১১-২০ গ্রেডের ফায়ারফাইটার-৫৫০, ডুবুরি-৭ ও নার্সিং এ্যাটেনডেন্ট-৭ মোট ৫৬৪টি পদের গত ১১.০৪.২০২৩ তারিখে চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে।<br><br>**২য়-৯ম গ্রেড :** পিএসসি'তে ২৫০টি (ফোরম্যান-২, স্টাফ অফিসার-২৪, স্টেশন অফিসার-২২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন। | সম্পন্ন করতে হবে।<br><br>(৫) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগ বিধি অতি দ্রুত সম্পন্ন করে সকল প্রকার নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/প্রশাসন-১ শাখা প্রধান।** |

| | | | |
|---|---|---|---|
| ৫ | **জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন** | **যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান যে** ২৪-২৬ জানুয়ারি তারিখে অনুষ্ঠিত জেলাপ্রশাসক সম্মেলন-২০২২ এ বিভাগ সংশ্লিষ্ট ১১টি সিদ্ধান্ত রয়েছে। এরমধ্যে ১টি বহিরাগমন অনুবিভাগ, ২টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৩টি কারা অধিদপ্তর এবং ৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট। সভাপতি জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমুহ যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।<br><br>**যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান যে** ২৪-২৬ জানুয়ারি তারিখে অনুষ্ঠিত জেলাপ্রশাসক সম্মেলন-২০২৩ এ বিভাগ সংশ্লিষ্ট ১১টি সিদ্ধান্ত রয়েছে। তন্মধ্যে ৩টি কারা অধিদপ্তর, ২টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং ১টি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট। সভাপতি জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমুহ যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।<br><br>এ ছাড়া ২০২২ সালের জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত এ বিভাগ সম্পর্কিত যেসব সিদ্ধান্ত এখনও পুরোপুরি বাস্তবায়িত হয়নি তা বাস্তবায়নের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। | ১) জেলা প্রশাসক সম্মেলন, ২০২৩ এবং জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/ শাখা।** |

<table>
<tr>
<td>৬</td>
<td>ই-টেন্ডারিং</td>
<td>সভাপতি এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমুহে ক্রয় ব্যবস্থাপনায় ই-টেন্ডারিং-এর অবস্থা সম্পর্কে জানতে চান। অধিদপ্তর প্রধান/প্রতিনিধিগণ তাঁদের ই-টেন্ডারিং এর অবস্থা সম্পর্কে সভাকে অবহিত করেন :<br><br>ডিআইপি : ২০২২-২০২৩ অর্থবছরে মার্চ, ২০২৩ মাসে ই-জিপিতে ১টি পণ্যের টেন্ডার আহবান করা হয়েছে।<br><br>ডিএনসি : বিবেচ্য মাসে ৩টি ক্রয় পরিকল্পনা ইজিপিতে সম্পাদন করা হয়েছে;<br><br>এফএসসিডি : ২০২২-২০২৩ অর্থবছরে পোশাক সামগ্রী খাতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা স্যান্ডো গেঞ্জি, বেডসীট, ওয়েভ বেল্ট, ডীপ সাইন , হ্যাগিং ব্যাজ, Rescue Badge, fire fighter badge, FSCD Bangladesh badge, স্যু-ব্রাশ কালো, স্যু-পালিশ কালো, FSCD সোল্ডার লেটার, নেইম প্লেট, ফিল্ড ক্যাপ সেলাই ও ইউনিফর্ম সেলাই এর দরপত্র মূল্যায়ন শেষে চুক্তিপত্র ও কার্যাদেশ সম্পন্ন করা হয়েছে এবং টিসি কমবেট কাপড়, উইন্টার জ্যাকেট ও মনিহারী সামগ্রী সংগ্রহের জন্য ই-জিপি পদ্ধতিতে দরপত্র আহ্বানকৃত দরপত্রটির মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। ই-জিপি পদ্ধতিতে আহ্বানকৃত ৩০০০০ মিটার টিসি কমবেট কাপড় ও ৩৮৯৮টি উইন্টার জ্যাকেট এর দরপত্র ০৫.০৪.২০২৩ তারিখে উন্মুক্ত করা হয়েছে।<br><br>অপরদিকে, গাড়ি/পাম্পের খুচরা যন্ত্রাংশ স্থানীয় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে সংগ্রহের আহ্বানকৃত দরপত্র ৫টি উন্মুক্তকরণ শেষে মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>প্রিজন : মার্চ, ২০২৩ পর্যন্ত ৩৬টি প্যাকেজের দরপত্র ই-জিপি’র মাধ্যমে আহ্বান করা হয়েছে। তন্মধ্যে মার্চ, ২০২৩ এ আহ্বানকৃত ৬টি প্যাকেজের মধ্যে ৬টি প্যাকেজই লাইভে আছে।</td>
<td>১)বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২)পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>৩)সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>৭</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি</td>
<td>এ বিভাগের এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) সভাকে অবহিত করেন যে মার্চ, ২০২৩ পর্যন্ত এপিএ'র অর্জিত লক্ষ্যমাত্রা পর্যালোচনা করা হয়। তন্মধ্যে নিম্নের কয়েকটি সূচকের অর্জন কাঙ্খিত পর্যায়ে আসে নাই :<br><br>
<table>
<tr><th>এপিএর ক্রম</th><th>কার্যক্রম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>মার্চ ,২৩ পর্যন্ত অর্জিত</th></tr>
<tr><td>১৩</td><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীদের বদলি ও পদায়ন নীতিমালা চূড়ান্তকরণ</td><td>৩১.০৩.২৩</td><td>মন্ত্রণালয়ে পর্যালোচনা সভা হয়েছে</td></tr>
<tr><td>১৪</td><td>দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা আয়োজন</td><td>৬ টি</td><td>৪টি</td></tr>
</table></td>
<td>১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক-ক. বস্তি/বহুতল ভবন/শপিংমল/হাসপাতাল ও অন্যান্য স্থানে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা, খ. দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিনে</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২২ | এ্যানফোর্সমেন্ট কমিটির সভা আয়োজন | ৪ টি | ২টি |
| ২৩ | মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভা আয়োজন | ৪ টি | ২টি |
| ২৪ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল ব্যতীত) বিধিমালা ২০২২-এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ | ৩১.০৫.২৩ | আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত |
| ২৫ | বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণ | ১০ টি | ৫টি |
| ৩৫ | বস্তি/বহুতল ভবন/ শপিংমল/ হাসপাতাল ও অন্যান্য স্থানে পরিচালিত অগ্নিনির্বাপণী মহড়া কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | ২০টি | ১৮টি |
| ৩৮ | সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | ১৪টি | ১৩টি |

সভায় এপিএ টিম লিডার অতিরিক্ত সচিব (অগ্নি) জানান, ২০২২-২৩ অর্থবছরের এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে দেখা যায়, কিছু কিছু সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে এখনো পিছিয়ে আছে। যেমন : বস্তি/বহুতল ভবন/ শপিংমল/হাসপাতাল ও অন্যান্য স্থানে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনায় লক্ষ্যমাত্রা-৪৫০০-অর্জন-৩৬৩৮টি, দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা আয়োজন-লক্ষ্যমাত্রা-৬টি-অর্জন-৪টি, সরকারি/বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা প্রদান-লক্ষ্যমাত্রা-৩১,০০০ অর্জন-২৫,৯৯৬ জন। এ্যানফোর্সমেন্ট কমিটির সভার আয়োজন-লক্ষ্যমাত্রা-৪টি-অর্জন-২টি। মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভার আয়োজন-লক্ষ্যমাত্রা-৪টি-অর্জন-২টি। বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণ-লক্ষ্যমাত্রা-১০টি-অর্জন-৫টি। তিনি এসকল সূচক অর্জনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করেন।

পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভার আয়োজন, **গ.** সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা প্রদান, **ঘ.** এ্যানফোর্সমেন্ট কমিটির সভার আয়োজন, **ঙ.** মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভার আয়োজন, **চ.** বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণ-এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাকে সর্বাত্তক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।

৩) কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের সমস্যা পরিলক্ষিত হলে তা নিরসনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সভা অনুষ্ঠানসহ দাপ্তরিক/ব্যক্তিগত যোগাযোগ

| | | | |
|---|---|---|---|
| | | | অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নে : : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

<table>
<tr>
<td>৮</td>
<td>অডিট</td>
<td>

**উপসচিব, বাজেট-২ শাখা এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন :**

<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>আপত্তির সংখ্যা</th><th>ব্রডশীট জবাবের সংখ্যা</th><th>ব্রডশীট জবাব দেয়া হয়নি</th><th>নিষ্পন্ন আপত্তি</th><th>অনিষ্পন্ন আপত্তি</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৬</td><td>৬</td><td>০</td><td>৪</td><td>২</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৯১</td><td>৫৭</td><td>৩৪</td><td>৩০</td><td>৬২</td></tr>
<tr><td>কারা</td><td>৪৮৭</td><td>৪৭৬</td><td>১১</td><td>২৯১</td><td>১৯৭</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৪২</td><td>৪২</td><td>০</td><td>১১</td><td>৩২</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১৩</td><td>১৩</td><td>০</td><td>০</td><td>১৩</td></tr>
</table>

**অডিট :** সভায় বাজেট-২ শাখা হতে প্রাপ্ত এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অডিট সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনের পূর্বে গত মাস পর্যন্ত মিটিং এর সংখ্যা, জবাব প্রদানের সংখ্যা, সুপারিশের সংখ্যা, নিস্পত্তির সংখ্যা ইত্যাদি উপস্থাপন নিয়ে সভায় বিশদ আলোচনা করা হয়।

**এসএসডি :** ২০২০-২১ অর্থবছরের ৬টি অডিট আপত্তির জবাব আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়। ৪টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। ২টি অডিট আপত্তির জবাব প্রমাণকসহ পুনরায় প্রেরণের জন্য অনুরোধ জানিয়েছেন। আইটি জনসেবা অডিট অধিদপ্তর কর্তৃক চাহিত জবাব/প্রমাণক প্রেরণের জন্য ৬ মার্চ ২০২৩ তারিখে প্রশাসন-২ শাখাকে অনুরোধ জানানো হয়।

**ডিআইপি :** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে ৩৪টি এবং আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে ২৭টি পেন্ডিং রয়েছে।

**প্রিজন :** কারা অধিদপ্তরে পেন্ডিং ১০৪টি আপত্তির মধ্যে ৯৩টি আপত্তির জবাব পূর্বে বিভিন্ন স্মারকে মন্ত্রণালয়/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল যা সংশোধনপূর্বক পুনঃপ্রেরণের জন্য মতামত আকারে পাওয়া গেছে। সেগুলোসহ অবশিষ্ট ১১টি আপত্তির কার্যক্রম সংশ্লিষ্ট দপ্তর/কারাগারে চলমান রয়েছে।

**এফএসসিডি :** ২০১৭-১৮ অর্থবছরের ১২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের ১৩টি অডিট আপত্তির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। ২০২০-২১ অর্থবছরের ১৭টি অডিট আপত্তির মধ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রেরিত ৮টি Non Serious Financial Irregularities (NSFI) এর মধ্যে ৬টি এবং Serious Financial Irregularities (SFI) ৯টির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। বাকি ৮টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

**ডিএনসি :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১৩টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে পেন্ডিং রয়েছে।

</td>
<td>

১)যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব এক মাসের মধ্যে প্রদান করতে হবে;

২)দীর্ঘদিনের পুরাতন আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৯</td>
<td>পেনশন</td>
<td>সভাকে জানানো হয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ৩টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে।

| বিভাগ/অধিদপ্তর | পূর্ববর্তী মাসের অনিষ্পন্ন পেনশনের সংখ্যা | বিবেচ্য মাসে প্রাপ্ত কেসের সংখ্যা | মোট কেসের সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পন্ন কেসের সংখ্যা | মোট অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ডিআইপি | ০ | ০ | ০ | ০ | ০ |
| ডিএনসি | ০ | ১ | ০ | ১ | ০ |
| এফএসসিডি | ৩ | ০ | ২ | ১ | ৩ |
| প্রিজন | ০ | ১ | ১ | ০ | ০ |
</td>
<td>১) এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১০</td>
<td>পরিদর্শন</td>
<td>মার্চ-২০২৩ এর পরিদর্শন সংক্রান্ত নিম্নরুপ তথ্য উপস্থাপন করা হয় :
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি</th><th>পরিদর্শনের তারিখ ও পরিদর্শনকৃত স্থাপনার নাম</th></tr>
<tr><td>এসএসডি</td><td>জনাব মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, সচিব</td><td><u>০৪-০৬ মার্চ ২০২৩ :</u><br>• যশোর জেলার বেনাপোল স্থল বন্দরে ই-গেইট উদ্বোধন, কেরাণীগঞ্জ।<br>• পল্লবী ফায়ার স্টেশনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান।</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাইন উদ্দিন, বিএসপি, এনডিসি, পিএসসি, জি, এমফিল, মহাপরিচালক</td><td><u>০৩-০৪ মার্চ ২০২৩-</u>সহকারী পরিচালকের দপ্তর নোয়াখালী ও নোয়াখালী ফায়ার স্টেশন, মাইজদী ফায়ার স্টেশন।<br><u>০৯ মার্চ ২০২৩-</u>উপপরিচালক, সহকারী পপিচালকের দপ্তর চট্টগ্রাম ও চট্টগ্রাম ফায়ার স্টেশন<br><br>“ফায়ার সেফটি ম্যানেজমন্টে ইন হাই হ্যাজার্ড ইন্ডাস্ট্রিজ” সেমিনারে অংশগ্রহণ করেন।<br><br><u>০৯ মার্চ ২০২৩-</u>ফকিরহাট,বাগেরহাট ফায়ার স্টেশন উদ্বোধন অনুষ্ঠানে যোগদান এবং অত্র</td></tr>
<tr><td rowspan="2">ডিআইপি</td><td>মেজর জেনারেল মোঃ নুরুল আনোয়ার, বিএসপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি,জি,মহাপরিচালক</td><td rowspan="2"><u>০৪ মার্চ ২০২৩-</u>বেনাপোল স্থলবন্দর,যশোর এর ই-গেইট উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ।</td></tr>
<tr><td>জনাব সেলিনা বানু, অতিরিক্ত মহাপরিচালক, পাসপোর্ট,ভিসা ও ইমিগ্রেশন</td></tr>
</table>
</td>
<td>১) প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২) এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন কার্যক্রম চলমান থাকবে পরিদর্শন কালে এ বিভাগের আওতাধীন সকল দপ্তর অত্যন্ত নিখুতভাবে পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন শেষে ৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর উপস্থাপন করতে হবে।<br><br>৩) পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নে ব্যবস্থা নিতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১১ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি** | **সভাকে জানানো হয়** অনিষ্পন্ন বিষয়টি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

১২ **প্রশিক্ষণ কার্যক্রম**

**সভাকে জানানো হয়,** এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ ২য়-২০ গ্রেড পর্যন্ত কর্মচারীগণকে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রেখেছে।

| বিভাগ/ অধিদপ্তর | কর্মকর্তা-কর্মচারীর শ্রেণি (গ্রেড) | কর্মকর্তা-কর্মচারী | পূর্ববর্তী মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ | বিবেচ্য মাসে প্রদত্ত প্রশিক্ষণ | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (ঘণ্টা) |
|---|---|---|---|---|---|
| এসএসডি | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৩০ | ২৪ | ০ | ২৪ |
| | ১০মগ্রেড | ৩২ | ৩৭ | ৩ | ৪০ |
| | ১৬ও তদূর্ধ্বগ্রেড | ৪৭ | ৩৭ | ৬ | ৪৩ |
| | ২০ও তদূর্ধ্বগ্রেড | ৩২ | ৩৫ | ৩ | ৩৮ |
| ডিআইপি | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৩০ | ৫২ | ০ | ৫২ |
| | ১০মগ্রেড | ৬ | ৪৯ | ০ | ৪৯ |
| | ১৬ ও তদূর্ধ্বগ্রেড | ১২৯ | ২৪ | ০ | ২৪ |
| | ২০ও তদূর্ধ্বগ্রেড | ১১ | ১৭ | ০ | ১৭ |
| ডিএনসি | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ১১৬ | ৫২ | ৫ | ৫৭ |
| | ১০মগ্রেড | ১৬৩ | ৪২ | ৮ | ৫০ |
| | ১৬ও তদূর্ধ্বগ্রেড | ১৪৪৫ | ৩৮ | ৭ | ৪৫ |
| | ২০ও তদূর্ধ্বগ্রেড | ১০০ | ৩০ | ৮ | ৩৮ |
| এফএসসিডি | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৪৩ | ৪৩ | ৩ | ৭.৪ |
| | ১০মগ্রেড | ৬৩৭ | ৪৮ | ৪ | ৮.৭ |
| | ১৬ও তদূর্ধ্বগ্রেড | ৩,৮৭২ | ৪৯ | ৪ | ৯ |
| | ২০ও তদূর্ধ্বগ্রেড | ৮,১৩৯ | ৫২ | ৪ | ৯.২ |
| কারা | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ১২৫ | ৪০ | ৫ | ৪৫ |
| | ১০মগ্রেড | ১৫৭ | ৪০ | ৫ | ৪৫ |
| | ১৬ও তদূর্ধ্বগ্রেড | ৩৫৯ (সিভিল) | ৪০ | ৫ | ৪৫ |
| | ১৬ও তদূর্ধ্বগ্রেড | ৭৯৭১ (ইউনিফর্ম) | ৪০ | ৫ | ৪৫ |
| | ২০ও তদূর্ধ্ব গ্রেড | ১৯ | ৩৪ | ৩ | ৩৭ |

১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

<table>
<tr>
<td>১৩</td>
<td>ওয়েবসাইট হালনাগাদকরণ</td>
<td>যুগ্ম-সচিব (প্রশাসন) সভাকে জানান যে সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমুহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। বিভিন্ন দপ্তর কর্তৃক জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড/আপডেট করা হয়।</td>
<td>১) সকল ওয়েবসাইট যথাযথভাবে হালনাগাদ রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা</td>
<td>যুগ্ম-সচিব (প্রশাসন) বিবেচ্য মাসে সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমুহের ই-নথি সিস্টেম ব্যবহারের নিম্নরুপ চিত্র উপস্থাপন করেন :
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>নিষ্পত্তিকৃত নথি</th><th>ই-নথিতে (%)</th><th>হার্ডফাইল (%)</th></tr>
<tr><td>এসএসডি</td><td>২০৪৭</td><td>১৮১০ (৮৮.৪২)</td><td>২৩৭ (১১.৫৭)</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৬৬৯</td><td>৬১৫ (৯১.৯২)</td><td>৫৪ (৮.০৭)</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৩৫১</td><td>২৯৯ (৮৫.১৮)</td><td>৫২ (১৪.৮১)</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৬৯৮</td><td>৬৬৪ (৯৫.১২)</td><td>৩৪ ৪.৮৭)</td></tr>
<tr><td>প্রিজন</td><td>২৯১</td><td>২৭২ (৯৩.৪৭)</td><td>১৯ (৬.৫২)</td></tr>
</table>
সভাপতি ই-নথিতে ফাইল নিষ্পত্তির হার বৃদ্ধির পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, ই-নথিতে ফাইল নিষ্পত্তির হার যেন কোনভাবেই এপিএর লক্ষ্যমাত্রার নীচে না আসে সে বিষয়ে দপ্তর প্রধানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সতর্ক থাকতে হবে।</td>
<td>১) ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২)ই-নথির নিষ্পত্তির হার কোনভাবেই এপিএর লক্ষ্যমাত্রার নীচে না আসে সেদিকে সতর্ক থাকতে হবে;<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৫</td>
<td>ইনোভেশন/উত্তম চর্চা</td>
<td>

**সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমুহের চলমান ইনোভেশন/উত্তম চর্চাসমুহ উপস্থাপিত হয় :**

<table>
<tr><th>ক্রম</th><th>অফিস</th><th>উদ্ভাবনী ধারণা</th></tr>
<tr><td>১</td><td>এসএসডি</td><td>দ্বৈত নাগরিকত্বের সনদপত্রের জন্য অনলাইনে আবেদন গ্রহণ, নিরাপত্তা প্রতিবেদন সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং ডিজিটাল (QR কোড সংবলিত) সনদপত্র প্রদান (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের জাতীয় ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে। বর্তমানে টেস্টিং এবং সোনালী ব্যাংকের ‘সোনালী পে’ গেটওয়ে ইন্ট্রিগ্রেশনের জন্য ২০.০৩.২০২৩ তারিখ চুক্তি সম্পন্ন হয়েছে।</td></tr>
<tr><td>২</td><td>প্রিজন</td><td>বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যে E-Commerce System চালুকরণ</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে ERS (Emergency Response System) স্থাপন</td></tr>
<tr><td>৪</td><td>ডিএনসি</td><td>Live Operation Visible Execution (LOVE)</td></tr>
<tr><td>৫</td><td>ডিআইপি</td><td>ই-পাসপোর্টের আবেদনের Basic Checks Clearance Artifical Intelligence (AI) সংযোজন।</td></tr>
</table>

</td>
<td>বিভাগ/অধিদপ্তরগুয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>ভিডিও কনফারেন্সিং</td>
<td>

**বিবেচ্যমাসে সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমুহে ১৬টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয় :**

<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>ভিডিও কনফারেন্সের সংখ্যা</th></tr>
<tr><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>২টি</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৪টি</td></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৩টি</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>২টি</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>৫টি</td></tr>
<tr><td>মোট</td><td>১৬টি</td></tr>
</table>

**যুগ্মসচিব (প্রশাসন)** যুগ্মসচিব (প্রশাসন) এ প্রসংগে হাইব্রীড মোডে সভা আয়োজন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ তারিখের ১৫৩ নম্বর পত্রটি সভায় পাঠ করে শোনান। পত্রে সম্ভাব্য ক্ষেত্রে হাইব্রীড মোডে সভা আহ্বানের অনুরোধ জানানো হয়েছে। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণের উপর গুরুত্ব আরোপ করেন।

</td>
<td>১) ভিডিও কনফারেন্সিং আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>২) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সম্ভাব্য ক্ষেত্রে হাইব্রীড মোডে সভা আহ্বান করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **বিভাগীয় ও দেওয়ানী মামলা** | **এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে** গত মাস পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৫১৪টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৪৭টি, মোট মামলার সংখ্যা ৫৬১টি। এর মধ্যে ৪৫টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৫১৬টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>২) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে গত মাস পর্যন্ত বিভাগীয় আপিল মামলার সংখ্যা ১৪টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৬টি, মোট আপিল মামলার সংখ্যা ২০টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ৯টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ১১টি। এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে মোট এএটি/এটি মামলার সংখ্যা এটি-১২০ ও এএটি-৪৫।<br><br>৩)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৪১টি, রিট-৩১২টি, সিভিল রিভিশন-১১টি, দেওয়ারি-০টি, ফৌজদারি-০টি, মামলা নিষ্পত্তির কোন অগ্রগতি নেই। | ১) চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br><br>২) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;<br><br>৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে নাগরিক সেবা প্রদানে যাতে অহেতুক বিলম্ব বা জনভোগান্তির সৃষ্টি না হয় সে লক্ষ্যে সতর্ক দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, সকলের আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে সুরক্ষা সেবা বিভাগের গতিশীলতা এবং জনসেবার মান আরও বৃদ্ধি পাবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.১০৭

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩০
০১ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মোঃ আমিন আল পারভেজ
উপসচিব